ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র




নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে






DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১২৪ ● কলকাতা ● ২৫ বৈশাখ, ১৪৩২ ● শুক্রবার ● ০৯ মে ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা


# ভারতীয় সেনার সিংহবিক্রমে কাঁপছে পাকিস্তান

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**


এবার পাক রাজধানীর মাটি কাঁপল ভারতের ছোবলে । পাকিস্তানের পর পর আক্রমণের পরে প্রত্যাঘাতে ফুঁসে উঠল ভারত ।আর এরই মধ্যে ভারতের সাপেক্ষে বড় খবর, বাংকারে আশ্রয় নিয়েছেন পাক প্রধানমন্ত্রী ।পাকিস্তান ও 'পাক অধিকৃত কাশ্মীরে' হামলা

পরশু রাতে পাকিস্তান ও 'পাক অধিকৃত কাশ্মীরে' হামলা চালিয়েছিল ভারত। বেছে বেছে পাকিস্তানের জঙ্গিঘাঁটিগুলি উড়িয়েছে তারা। জৈশ লস্কর, হিজবুল মুজাহিদিনের ডেরায় হামলা চালিয়েছে। বড় রকমের স্ট্রাইক ঘটেছে ভাওয়ালপুর মুরিদকে অঞ্চলে। যেখানে প্রাথমিক ভাবে ২৫ থেকে ৩০ জঙ্গি নিকেশ হয় ভোরের দিকে। মাত্র ২৫ মিনিটে ভারত ঝাঁপিয়ে পড়ে পাকিস্তানের উপর। হামলা মোট ন'টি জায়গায়। ভারত তার আক্রমণে খুবই সংযম দেখিয়েছে। সাধারণ মানুষের বসবাসের কোনও জায়গায় তারা আক্রমণ শানায়নি। সবটাই বেছে-বেছে, জঙ্গিদের ঘাঁটিতে। শীর্ষ সূত্র বলছে, এই স্ট্রাইকে মারা গিয়েছে জৈশ-ই-মহম্মদ, লস্কর-ই-তৈবা, হিজবুল মুজাহিদিনের জঙ্গিরা। খবর তেমন মিলছে না। তবে, যতটুকু



জানা যাচ্ছে, পাকিস্তানে ১০০-র কাছাকাছি মৃত্যু ঘটেছে। আর ক্রস-ফায়ারের জেরে ভারতের অন্তত তিনজন মারা গিয়েছেন। পোস্ট-স্ট্রাইক এক বিবৃতি

এরপর ৩ পৃষ্ঠায়




# পাকিস্তান যদি ফের হামলা চালায় তাহলে আবারো প্রত্যাঘাত করবে ভারত : প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং




**বেবি চক্রবর্তী**

"কঠিন পরিস্থিতিতে এই সময় দেশের প্রতিটি নাগরিকের একজোট থাকা প্রয়োজন"। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এর মাধ্যমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বৃহস্পতিবার সর্বদল বৈঠকে এই বার্তাই দিলেন।

এদিনের সর্বদল বৈঠকে প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদি উপস্থিত থাকতে পারেনি। তাই প্রতিরক্ষা মন্ত্রীর মাধ্যমে বিরোধী নেতাদের সামনে প্রধানমন্ত্রীর এই বার্তা রাজনাথ সিং পাঠ করে শোনান। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং জানিয়েছেন "অপারেশন সিঁদুর অভিযানে অন্তত ১০০ জন পাক জঙ্গির মৃত্যু হয়েছে। পাকিস্তান যদি ফের হামলা চালায় তাহলে আবারো প্রত্যাঘাত করবে ভারত"।

বিরোধীদের কাছে বিস্তারিত তথ্য তুলে ধরার জন্যই সিঁদুরের একদিন পরেই সরকার সর্বদল বৈঠকের ডাক দেয়। এই সর্বদল বৈঠকে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং জানিয়েছেন " অপারেশন সিঁদুরে একেবারে নিখুঁতভাবে পাক জঙ্গি ঘাঁটিতে হামলা চালিয়ে সেগুলি গুঁড়িয়ে দিয়েছে সেনা।। তাতে অন্তত ১০০ জঙ্গির মৃত্যু হয়েছে"। এই বৈঠকে বিরোধী নেতাদের জানিয়ে দেওয়া হয়েছে ভারত যুদ্ধ চায়না। কিন্তু এরপর পাকিস্তান কোনরকম বাড়াবাড়ি পদক্ষেপ করলে আরও তীব্র প্রত্যাঘাত করবে। জাতীয় নিরাপত্তার স্বার্থে যা যা পদক্ষেপ কেন্দ্র করতে চায় সব পদক্ষেপের পাশে আছে বিরোধী শিবির। তবে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খারগে এই সর্বদল বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিত না থাকার জন্য প্রশ্ন তোলেন। অন্যদিকে রাহুল গান্ধী সংসদ অধিবেশন ডেকে দেশকে ঐক্যবদ্ধ করার বার্তা দিয়েছেন। যদিও এই প্রস্তাব নিয়ে সরকারের তরফ থেকে কোন কিছু বলা হয়নি। আবার তৃণমূল সংসদ সুদীপ বন্দ্যোপাধ্যায় এই পরিস্থিতিতে বাংলাদেশ দিয়েও কেন্দ্রকে সতর্ক থাকার বার্তা দিয়েছেন। সরকারের তরফ থেকে কিরেন রিজজুও বলেছেন বিরোধীরা অনেক পরিণত মনস্কতার পরিচয় দিয়েছেন যা এই মুহূর্তে গোটা দেশকে একজোট করার জন্য প্রয়োজন। তবে এক কথায় বলতে গেলে বিরোধীরা অপারেশন সিঁদুরের বিষয় যে সরকারের পাশেই আছে তা এদিনের সর্বদল বৈঠকে স্পষ্ট ভাবে জানা গেছে।

প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদি ছাড়াও এই সর্বদল বৈঠকে উপস্থিত ছিলেন লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী, তৃণমূলের লোকসভার দলনেতা সুদীপ বন্দ্যোপাধ্যায়, আপের সঞ্জয় সিং, কংগ্রেস সভাপতি তথা রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খারগে, এনসিপির সুপ্রিয় সুলেরা, সমাজবাদী পার্টি নেতা রামগোপাল যাদব, অর্থমন্ত্রী নির্মলা সীতারামন, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডা সহ প্রথম সারির নেতারা। প্রধানমন্ত্রী অনুপস্থিতিতে এদিনের এই সর্বদলীয় বৈঠকে সভাপতিত্ব করেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং।

# ছত্তীসগড়ে যৌথবাহিনী অভিযানে ২৬ মাওবাদী গেরিলার মৃত্যু

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



**দিল্লী:-** এই মুহূর্তে ভারত দেশের বাইরে ও ভিতরে শত্রু নিকেশ করতে সমানে যুদ্ধ চালিয়ে যাচ্ছে। ছত্তীসগড়ের বস্তারে যৌথবাহিনী অভিযান চালিয়ে ২৬ মাওবাদী গেরিলাকে হত্যা করেছে বলেই জানা গিয়েছে। নিহতদের কাছ থেকে বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র ও বিস্ফোরক উদ্ধার করা হয়েছে। বিগত ১৮ দিন ধরেই ছত্তীসগড়ের বিজাপুর ও তেলঙ্গানার সীমান্তবর্তী জঙ্গলে মাওবাদী দমন অভিযান চলছিল। এই অভিযানের নাম 'অপারেশন সংকল্প' রাখা হয়েছে। সেই অভিযানেই বুধবার যৌথবাহিনীর সঙ্গে গুলির লড়াইয়ে ২৬ জন মাওবাদী মৃত্যু হয়েছে। কয়েকদিন ধরেই গোপন সূত্রে খবর ছিল ওই অঞ্চলে প্রায় ৫০০ মাওবাদী লুকিয়ে আছে। সেনাবাহিনীর নেতৃত্বে পুলিশ কর্মীদের নিয়ে গঠিত হয় বিরাট বাহিনী। বস্তারের দুর্গম এলাকায় কয়েকজন মাওবাদী শীর্ষনেতাও গা ঢাকা দিয়ে রয়েছে বলে সূত্রের খবর। তাদের ধরতে ২৪ হাজার আধা সেনা ও পুলিশের বিরাট বাহিনী নামানো হয়েছে। রয়েছে সিআরপিএফের কোবরা কম্যান্ডো, রিজার্ভ গার্ড, মহারাষ্ট্র, তেলঙ্গানার পুলিশও। তারপরেই সাফল্য আসে সেনাবাহিনীর।






(১ম পাতার পর)

# ভারতীয় সেনার সিংহবিক্রমে কাঁপছে পাকিস্তান

দিয়েছে ভারতীয় সেনা। এক্স হ্যান্ডেলে একটি ভিডিয়োও শেয়ার করেছে তারা এবং লিখেছে 'জাস্টিস ইজ সার্ভড'! ইনটেলিজেন্স এজেন্সি কতটা ক্ষয়ক্ষতি হয়েছে তার হিসেব করছে। টার্গেট লোকেশনও খুঁজে দেখছে। প্রাথমিক হিসেবে ৮০-৯০ জন জঙ্গি মারা গিয়েছে। তবে অপারেশন সিন্দুরের জেরে মাসুদ আজহারের পরে মারা গিয়েছে আব্দুল মালিক মুদাসসিরের মতো ভয়ংকর জঙ্গিরাও। এদের পোশাকি নাম এইচভিটি-- এরা লস্কর-ই-তৈবার হাই ভ্যালু টেররিস্ট।সত্যিই কি তাই? একটি সূত্রে দাবি, সেনাকর্তারা পালাচ্ছেন বিদেশে, বাংকারে লুকিয়ে পড়েছেন পাক প্রধানমন্ত্রী! অন্তত ১২টি পাক শহরে তাণ্ডব চালিয়েছে ভারত।একদিকে হানাদার পাকিস্তান। পাক আক্রমণের পরে ব্ল্যাক আউট চলছে জয়সলমীরে। একই অবস্থা বিকানের, যোধপুরেও। জম্মু কাশ্মীর আক্রমণ করল পাকিস্তান। জম্মু এয়ারপোর্ট আক্রমণ করল পাকসেনা। জম্মুর সড়কে বোম ফেলা হয়েছে বলে খবর। জম্মুতে অন্ধকার, বলা হচ্ছে কমপ্লিট ব্ল্যাকআউট। তীব্র বিস্ফোরণের শব্দ শোনা যাচ্ছে সেখানে। বম্বিং হচ্ছে। শেলিং হচ্ছে। অন্যদিকে রাত জাগছে ভারত। আসলে পাকিস্তানের হানার পরেই নতুন করে প্রত্যাঘাতে নেমেছে ভারত। জম্মুর আকাশে হানাদার পাকিস্তানের ৮ মিসাইল চুরমার করল ভারতীয় সেনা। লাহোর আক্রমণের পরে ভারত আক্রমণ করে ইসলামাবাদ, করাচি, শিয়ালকোট-সহ একাধিক বড় বড় শহর। জম্মু, জয়সলমীরে আঘাত হেনেছে দুর্বৃত্ত পাকিস্তান। পাকিস্তানের ৭০টি ড্রোন আক্রমণ করলেও বুক চিতিয়ে লড়েছে ভারতের বীর বায়ুসেনা! সীমান্ত এলাকা, রাজস্থান জম্মু কাশ্মীরে পাকিস্তানের আক্রমণের পরে ভারত উচ্চ পর্যায়ের বৈঠক ডাকল। তবে পাক মিসাইলকে কোনও ক্ষতি করতে দেয়নি ভারতীয় সেনা। ভারতের এয়ার ডিফেন্স সিস্টেম বীর বিক্রমে বুক চিতিয়ে লড়ছে।

**সুদর্শন চক্র**

কী এই সুদর্শন চক্র, এস-৪০০ এয়ার ডিফেন্স সিস্টেম? ভারতীয় বায়ুসেনার S-400 ট্রায়াম্ফ এয়ার ডিফেন্স এই সিস্টেমটি ভারত কিনেছে রাশিয়া থেকে। এর নাম দিয়েছে-- 'সুদর্শন চক্র'! সিস্টেমটি ১৯৯০-এর দশকে রাশিয়ার আলমাজ সেন্ট্রাল ডিজাইন ব্যুরোর তৈরি। ২০০৭ সাল থেকে রাশিয়ান সেনাবাহিনীতে রয়েছে। ভারত ২০১৮ সালে রাশিয়ার সঙ্গে ৫.৪৩ বিলিয়ন ডলারের এক চুক্তির মাধ্যমে এটি কিনেছে। ভারতীয় মুদ্রায় যা প্রায় ৩৫,০০০ কোটি টাকা! অন্তত ৬০০ কিলোমিটার দূর থেকে উড়ে আসা ক্ষেপণাস্ত্র চিহ্নিত করতে পারে এই সুদর্শন চক্র। ৪০০ কিলোমিটার দূর থেকে ক্ষেপণাস্ত্র নিষ্ক্রিয় করতে পারে। ভারতের চার জায়গায় এই সিস্টেম মোতায়েন রয়েছে। রয়েছে পঞ্জাবে এবং পাঠানকোটে, রাজস্থান এবং গুজরাতে।

**অপারেশন সিঁদুর**

মঙ্গলের রাতে ভারতের আক্রমণ আছড়ে পড়ে পাকিস্তানের মাটিতে। পাকিস্তান কিছু বুঝে ওঠার আগেই মাত্র ২৫ মিনিটের অপারেশনে কাজ শেষ করে ভারত। ভারতের অপারেশনের পরে পাকিস্তানও পালটা হামলা করে। লাভ হয়নি! ভারতীয় সেনাবাহিনী পাকিস্তানের সব আক্রমণই ব্যর্থ করে দেয় বলে খবর। বুধবার রাতে এবং বৃহস্পতিবার সকালেও ভারতের কয়েকটি জায়গার সেনা ছাউনিতে ড্রোন এবং মিসাইল হামলার ছক কষে পাকিস্তান। ভারতের ১৫টি শহরকে টার্গেট করে তারা। কিন্তু ভারতীয় সেনাবাহিনীর সতর্কতার কারণে তাতেও ব্যর্থ হয় পাকিস্তান! কী করে? ভারতীয় সেনাবাহিনী রাশিয়ার S-400 অর্থাৎ 'সুদর্শন চক্র এয়ার ডিফেন্স মিসাইল সিস্টেম'র সাহায্যে পাকিস্তানের সব ক্ষেপণাস্ত্র ধ্বংস করে দেয়।

# হুগলি গ্রামীন পুলিশের উদ্যোগে ট্রাফিকে কর্মরত পুলিশ কর্মীদের সামার কিট দেয়া হলো

**বলাইচাঁদ মুখোপাধ্যায়, শিয়াখালা, হুগলি**

হুগলি গ্রামীণ পুলিশের উদ্যোগে বৃহস্পতিবার কামারকুন্ডুতে জেলা গ্রামীণ পুলিশ সুপার দফতরে ট্রাফিকে কর্মরত সিভিক ও ট্রাফিক পুলিশদের হাতে সামার কিট তুলে দেওয়া হলো। গরমে রোদ থেকে বাঁচতে ট্রাফিকে কর্মরত পুলিশ কর্মীদের ছাতা, সানগ্লাস, জলের বোতল, তোয়ালে, রুমাল, ব্যাগ তুলে দেন হুগলি জেলা গ্রামীণ পুলিশ সুপার কামনাশীষ সেন। জেলার চারশো



জন ট্রাফিকে কর্মরত পুলিশ কে এই সামার কিট তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার কল্যাণ সরকার, ডিএসপি ট্রাফিক ত্রিদিপ বিশ্বাস ডিএসপি হেডকোয়ার্টার্স অগ্নিশ্বর চৌধুরী সহ অন্যান্য পুলিশ আধিকারিকরা। পাশাপাশি এদিন ট্রাফিক গার্ডের পক্ষ থেকে পথচলতি গাড়ি চালক, বাইক চালকদের গ্লুকোজের জল দেওয়া হয়।

পুলিশ সুপার কামনাশীষ সেন বলেন, গরমে যে সমস্ত পুলিশ কর্মীরা রাস্তায় ডিউটি করেন তাদের সুরক্ষিত রাখার জন্য প্রতিবছর সামার কিট দেওয়া হয়। তিনি জানান আগামীদিনে ট্রাফিক পুলিশদের বাতানুকুল হেলমেট দেওয়ার পরিকল্পনা রয়েছে। এই উপলক্ষে বহু পুলিশ কর্মীও উপস্থিত ছিলেন।

# সকালে লাহোরে একের পর এক বিস্ফোরণ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

'অপারেশন সিঁদুর' হয়ে যাবার পরেই বৃহস্পতিবার সকালে পাকিস্তানের লাহোর একের পর এক বিস্ফোরনে কেঁপে ওঠে। বিস্ফোরনের কারণ এখনও স্পষ্ট নয়। তবে অনেকেরই আশঙ্কা, ভারতের সঙ্গে উত্তেজনা বৃদ্ধি পাচ্ছে। ফের সামরিক কোনও অ্যাকশন হতে পারে। তবে ভারত ইতিমধ্যেই জানিয়ে দিয়েছে, এই বিস্ফোরণের সঙ্গে তাদের কোনও যোগ নেই। অন্যদিকে স্থানীয় পাক সংবাদমাধ্যম সূত্রেই খবর, পাকিস্তানি বায়ুসেনা মহড়া চালাচ্ছিল। সেই সময়ই বিস্ফোরণ হয়। ইতিমধ্যেই বন্ধ করে দেওয়া হয়েছে লাহোর ওল্ড বিমানবন্দর। বিস্ফোরনের পরেই মানুষ আতঙ্কিত হয়ে বাড়ির বাইরে বেরিয়ে আসে। পাকিস্তান এই মুহূর্তে নিজেদের আভ্যন্তরিন গন্ডগোল নিয়ে দিশেহারা। প্রত্যক্ষদর্শীদের বয়ান অনুযায়ী, প্রথমে সাইরেনের শব্দ শোনা যায়। তারপরই বিস্ফোরণ হয়। অনেকে আবার এই বিস্ফোরণের পিছনে বালোচ আর্মির হাত থাকতে পারে বলেও আশঙ্কা করছে। পাকিস্তানের অন্দরেই বিদ্রোহ শুরু করেছে বালুচিস্তান লিবারেশন আর্মি। ট্রেন হাইজ্যাক থেকে শুরু করে পাক সেনার কনভয়ে হামলা- একের পর এক আঘাত হানছে তারা। এই হামলার পিছনেও তাদের হাত থাকতে পারে বলেই অনেকের ধারণা।

# সম্পাদকীয়

## পাকিস্তানের উত্তেজনা বাড়ানোর চেষ্টা নেতিবাচক – ভারতের তরফে আনুপাতিক জবাব দেওয়া হচ্ছে

০৭ মে, ২০২৫ তারিখে অপারেশন সিঁদুর নিয়ে প্রেস বিবৃতিতে ভারত বলেছে, তাদের জবাব ছিল নির্দিষ্ট, পরিমিত এবং উত্তেজনা প্রশমনকারী। বিশেষভাবে এটা বলা হয়েছে যে, পাকিস্তানী সেনা ছাউনি লক্ষ্য করে কোনও আঘাত হানা হয়নি। বিবৃতিতে এও বলা হয়েছে যে, ভারতে কোনও রকম সেনা আক্রমণ হলে, তার যোগ্য জবাব দেওয়া হবে।

৭ ও ৮ মে'র মধ্যরাতে পাকিস্তানী সেনা ভারতের উত্তর-পশ্চিম এলাকার অবন্তীপুরা, শ্রীনগর, জম্মু, পাঠানকোট, অমৃতসর, কাপুরথালা, জলন্ধর, ভাতিন্দা, আদমপুর, চন্ডীগড়, নাল, ফালোদি, উত্তর লাই এবং ভূজে ড্রোন ও ক্ষেপণাস্ত্র ব্যবহার করে হামলা চালিয়েছে। এয়ার ডিফেন্স ব্যবস্থাপনা এবং ইন্টিগ্রেটেড কাউন্টার ইউএএস গ্রিড ব্যবহার করে সেগুলি প্রতিরোধ করা হয়েছে। এই হামলাগুলির বিভিন্ন ধ্বংস স্তূপ নানা জায়গা থেকে উদ্ধার করা হচ্ছে, যা পাকিস্তানের আক্রমণের প্রমাণ দিচ্ছে।

ভারতীয় সেনাবাহিনী আজ সকালে পাকিস্তানের বিভিন্ন স্থানে এয়ার ডিফেন্স র‍্যাডার ও ব্যবস্থাপনা লক্ষ্য করে হামলা চালিয়েছে। ভারত পাকিস্তানের মতো একইভাবে একই মাত্রায় জবাব দিয়েছে। বিশ্বস্ত সূত্রের খবর অনুযায়ী, লাহোরে একটি এয়ার ডিফেন্স ব্যবস্থাপনাকে ধ্বংস করা হয়েছে।

পাকিস্তান নিয়ন্ত্রণ রেখায় বিনা প্ররোচনায় গোলাগুলি চালানোর মাত্রা বাড়িয়েছে। জম্মু ও কাশ্মীরের কুপওয়াড়া, বারামুল্লা, উরি, পুঞ্চ, মেন্ধর এবং রাজৌরি শাখায় মর্টার ও শেল বর্ষণ করা হচ্ছে।

পাকিস্তানের গোলাগুলিতে তিনজন মহিলা ও পাঁচ জন শিশু সহ ১৬ জন নিরীহ মানুষ প্রাণ হারিয়েছেন। ভারতও পাকিস্তানকে জবাব দিতে মর্টার ও শেল বর্ষণ করতে বাধ্য হয়েছে।

ভারতীয় সেনাবাহিনী উত্তেজনা প্রশমন না করতে নিজের প্রতিশ্রুতিবদ্ধতার কথা জানিয়েছে। তবে, অবশ্যই যদি পাক সেনাবাহিনীও এই চিন্তাভাবনা অনুযায়ী কাজ করে, তা হলেই তা মানা হবে।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(একুশতম পর্ব)



বাংলাদেশে প্রধানত সরায় এঁকে লক্ষ্মীর পূজা করা হয়। কোজাগরী লক্ষ্মী পূজার ইতিহাস বহু দেশের রীতি রেওয়াজ বহু রূপরেখা দিয়ে, কিন্তু মূল আরধনা ধনসম্পত্তি দিকে।কিভাবে হয় এই কোজাগরী লক্ষ্মীপূজা? আশ্বিন মাসের পূর্ণিমা তিথিতে অর্থাৎ কোজাগরী পূর্ণিমায় দেবী লক্ষ্মীর আরাধনা করা হয়। অবনীন্দ্রনাথ ঠাকুর 'বাংলার ব্রত' বইতে এই লক্ষ্মীপূজা সম্পর্কে বিস্তৃত আলোচনা করেছেন। সেখানে তিনি জানান, দেবীর কাছে ভালো ফলনের কামনা করাই আসলে এই পূজার নৃতাত্ত্বিক কারণ। পূজা বা ব্রত কথার সঙ্গে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# এসটিএফ ও নবদ্বীপ থানার যৌথ অভিযানে নিষিদ্ধ কাশির সিরাপ উদ্ধার, ধৃত ২

অভিজিৎ সাহা, নবদ্বীপ

উদ্ধার করা হলো ৩৩ হাজার ২০০ বোতল কাশির সিরাপ। এস টি এফ ও নবদ্বীপ থানার পুলিশ যৌথ অভিযান চালিয়ে মঙ্গলবার গভীর রাতে নবদ্বীপ বিধানসভার মুকুন্দপুর এর কাছে দুটি ট্রাক থেকে কাশির সিরাপ গুলি উদ্ধার করা হয়। সিরাপ সহ দুইজনকে গ্রেফতার করেছে নবদ্বীপ থানার পুলিশ। পুলিশ সূত্রে খবর প্রায় লক্ষাধিক টাকার এই সিরাপ বনগাঁর উদ্দেশ্যে পাচার হয়ে যাচ্ছিল। গোপন সূত্রে খবর পেয়ে মঙ্গলবার রাতে গৌরাঙ্গ সেতু থেকে কৃষ্ণনগর যাওয়ার সময় রাজ্য সড়কের মুকুন্দপুর এর কাছে এস টি এফ ও পুলিশ তল্লাশি চালায় এবং ট্রাক দুটি ধরে ফেলে। ট্রাক দুটিতে আসবাবপত্র ভর্তি ছিল। তল্লাশি চালাতে আসবাবপত্রের ভেতরে লুকিয়ে রাখা সিরাপের শিশি বেরিয়ে পড়ে। একটি ট্রাকে প্লাস্টিক রোল অন্যটিতে সোফা সেট ছিল। এই সমস্ত সামগ্রিক আড়ালে সাজানো ছিল এই কাশির সিরাপ শেষ রক্ষাটুকু করা গেল না। নবদ্বীপ থানার পুলিশ আরো জানান, উত্তর প্রদেশ থেকে দুটি ট্রাকে বিপুল পরিমাণে এই সিরাপ বাংলাদেশে পাচার করা হবে বলে এস টি এফ এর কাছে খবর ছিল। সেই সূত্রেই এই অভিযান চালানো হয়। ট্রাকগুলি আটক করা হয়েছে এবং ট্রাক চালককে গ্রেফতার করা হয়। উত্তরপ্রদেশের বাসিন্দা অজয় কুমার ও বিহারের ছাপরার বাসিন্দা বিনয় কুমার ওঝা। মাদক আইনের মামলা রুজ করে বুধবার কৃষ্ণনগর এনডিপিএস আদালতে হাজির করা হয় বিচারক ধৃতদের ছদিন পুলিশ হেফাজতে রাখার নির্দেশ দিয়েছেন বলে জানা গেছে।

# সতীপীঠের অন্যতম কামাখ্যা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

ছোটবেলা থেকে কামাখ্যা যাওয়ার ইচ্ছা প্রবল থাকলেও আজকের দিন পর্যন্ত যাওয়া সম্ভব হয়নি। তবে কামাখ্যা নাগা সাধু থানা প্রতি নিত্যানন্দগিরি মোহন্ত নাগা সন্ন্যাসীদের সঙ্গে আমার এক সাক্ষাৎকার যেন চোখের সামনে ভেসে উঠেছে।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# কোনো মাদ্রাসায় নির্বাচনী বুথ করা যাবে না - দাবি শুভেন্দুর

বেবি চক্রবর্তী: কলকাতা



শুভেন্দু অধিকারী সহ রাজ্য বিজেপির একদল নেতা নির্বাচন কমিশনের সঙ্গে দেখা করেন। তাঁর দাবি, আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্যে কোনও মাদ্রাসায় বুথ তৈরি করা যাবে না। একই সঙ্গে যে সব জায়গায় যে সব জায়গায় হিন্দুদের মুসলিম মহল্লার ভিতর দিয়ে বুথে যেতে হয় সেখানে অতিরিক্ত বুথ তৈরি করতে হবে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করে এই দাবি জানালেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। নির্বাচনী আধিকারিকের সঙ্গে সাক্ষাতের পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, মোথাবাড়ি, সামসেরগঞ্জ, ধুলিয়ান দেখার পর রাজ্যের হিন্দুরা মুসলিম মহল্লার ওপর দিয়ে ভোট দিতে যেতে নিরাপদ বোধ করছেন না। শুভেন্দু জোরালো দাবি তোলেন কোনো মাদ্রাসায় ভোট কেন্দ্র করা যাবে না।সাংবাদিকদের শুভেন্দু বলেন, যে সব জায়গায় মাদ্রাসায় বুথ আছে, বদল করতে হবে। ধুলিয়ান, সামসেরগঞ্জ, মোথাবাড়ি দেখার পরে হিন্দু ভোটাররা মুসলিমবহুল এলাকায় অবস্থিত মাদ্রাসাগুলিতে ভোট দিতে যেতে নিরাপত্তার অভাব বোধ করছেন। যে সব মিশ্র এলাকা রয়েছে সেখানে মুসলিম মহল্লার ওপর দিয়ে হিন্দুরা বুথকেন্দ্রে গেলে আক্রান্ত হবেন। ২০২১, ২০২৪ এর নির্বাচনে এই ধরণের ঘটনা ঘটেছে। আমরা মোথাবাড়ি, সামসেরগঞ্জ দেখার পরে হিন্দুদের মুসলিম মহল্লার ওপর দিয়ে যাতে ভোট দিতে যেতে না হয় সেজন্য অতিরিক্ত বুথ তৈরির দাবি করেছি। এখন দেখার নির্বাচন কমিশন কোন সিদ্ধান্ত নেয়।

# হুগলি গ্রামীন পুলিশের উদ্যোগে ট্রাফিকে কর্মরত পুলিশ কর্মীদের সামার কিট দেয়া হলো



বলাইচাঁদ মুখোপাধ্যায়, শিয়াখালা, হুগলি

হুগলি গ্রামীণ পুলিশের উদ্যোগে বৃহস্পতিবার কামারকুন্ডুতে জেলা গ্রামীণ পুলিশ সুপার দফতরে ট্রাফিকে কর্মরত সিভিক ও ট্রাফিক পুলিশদের হাতে সামার কিট তুলে দেওয়া হলো। গরমে রোদ থেকে বাঁচতে ট্রাফিকে কর্মরত পুলিশ কর্মীদের ছাতা, সানগ্লাস, জলের বোতল, তোয়ালে, রুমাল, ব্যাগ তুলে দেন হুগলি জেলা গ্রামীণ পুলিশ সুপার কামনাশীষ সেন। জেলার চারশো জন ট্রাফিকে কর্মরত পুলিশ কে এই সামার কিট তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার কল্যাণ সরকার, ডিএসপি ট্রাফিক ত্রিদিপ বিশ্বাস ডিএসপি হেডকোয়ার্টার্স অগ্নিশ্বর চৌধুরী সহ অন্যান্য পুলিশ আধিকারিকরা। পাশাপাশি এদিন ট্রাফিক গার্ডের পক্ষ থেকে পথচলতি গাড়ি চালক, বাইক চালকদের গ্লুকোজের জল দেওয়া হয়।

পুলিশ সুপার কামনাশীষ সেন বলেন, গরমে যে সমস্ত পুলিশ কর্মীরা রাস্তায় ডিউটি করেন তাদের সুরক্ষিত রাখার জন্য প্রতিবছর সামার কিট দেওয়া হয়। তিনি জানান আগামীদিনে ট্রাফিক পুলিশদের বাতানুকুল হেলমেট দেওয়ার পরিকল্পনা রয়েছে। এই উপলক্ষে বহু পুলিশ কর্মীও উপস্থিত ছিলেন।



## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# "অপারেশন সিন্দুর"-এর নায়িকা: কর্নেল সোফিয়া কুরেশি দেশের নারীশক্তির অগ্রদূত

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

"অপারেশন সিন্দুর"-এর নায়িকা: কর্নেল সোফিয়া কুরেশি দেশের নারীশক্তির অগ্রদূত

উত্তর-পূর্ব ভারতে সাম্প্রতিক বন্যা ত্রাণ কার্যক্রমে অসামান্য নেতৃত্ব প্রদর্শন করে কর্নেল সোফিয়া কুরেশি নতুন করে জাতির চোখে উঠে এসেছেন। সাহস, কর্তব্যনিষ্ঠা ও মানবিকতার এক দুর্লভ সমন্বয় হয়ে ওঠা এই সেনা অফিসার 'অপারেশন সিন্দুর'-এর নেতৃত্ব দিয়ে প্রমাণ করেছেন যে সংকটের সময়ে সঠিক নেতৃত্বই পারে প্রাণ বাঁচাতে ও আশা জাগাতে।



এই অভিযান বর্তমানে ক্রিকেট জগতের ধোনি ও রোহিতের অবসরের মতোই আলোচনার কেন্দ্রবিন্দুতে। দেশের প্রান্তিক এলাকায় জীবন ঝুঁকি নিয়ে কাজ করার জন্য কর্নেল সোফিয়াকে শুধু বাহিনীর মধ্যে নয়, গোটা জাতির পক্ষ থেকেও কুর্নিশ জানানো হচ্ছে।

কর্নেল সোফিয়ার বেতন কাঠামোও তার পেশাগত মর্যাদা ও দায়িত্বের ঝুঁকিকে প্রতিফলিত করে। তার মূল বেতন ₹১,২১,২০০ থেকে ₹২,১২,৪০০-এর মধ্যে হলেও, তিনি আরও পান মহার্ঘ্য ভাতা, ₹১৫,৫০০ সামরিক পরিষেবা ভাতা, ₹ ১০,৫০০ থেকে ₹ ২৫,০০০ ফিল্ড এরিয়া ভাতা, পরিবহন ভাতা এবং স্পেশাল ফোর্স ইউনিটে নিযুক্ত থাকলে অতিরিক্ত ₹২৫,০০০ পর্যন্ত ভাতা। বছরে একবার ₹ ২০,০০০ ইউনিফর্ম ভাতাও এই তালিকায় যুক্ত হয়।

কিন্তু তার সবচেয়ে বড় প্রাপ্তি, দেশের নারী সমাজের কাছে এক অনুপ্রেরণা হয়ে ওঠা। সোফিয়া কুরেশি এখন শুধু একটি নাম নয়—তিনি এক প্রতীক, তিনি এক গল্প, তিনি এক পরিবর্তনের অগ্রদূত।

# উচ্চ মাধ্যমিকে সাফল্য নদিয়া এক,পাশের হার ৯২. ৬৩ শতাংশ

**অভিজিৎ সাহা, নদিয়া**

২০২৫ শেষ বার্ষিক প্রক্রিয়ায় উচ্চ মাধ্যমিক পরীক্ষা হল। এই বছর থেকে সেমিস্টার পদ্ধতিতে পরীক্ষা দিতে হবে পড়ুয়াদের। উচ্চমাধ্যমিক মেধাতালিকায় মাধ্যমিকে নাম ছিলনা, উচ্চ মাধ্যমিকের রাজ্যের মেধাতালিকায় নদীয়ায় মাত্র এলো একজন। জেলা জুড়ে পাশের হার ৯২.৬৩ শতাংশ। ৭ই মে বুধবার দুপুরে উচ্চ মাধ্যমিকের সংসদের তরফ থেকে প্রথম ১০ এ যে তালিকা প্রকাশ করা হয়েছে তাতে মোট ৭৭ জনের মধ্যে রয়েছে চাকদহ রামলাল একাডেমীর সহায়ক বিশ্বাস। ৮৮৯ নাম্বার পেয়ে নবম স্থানের তালিকায় রয়েছে।

নদীয়া জেলায় ছাত্রী থেকে ছাত্রদের পাশের হার বেশি। নদীয়া জেলার উচ্চ মাধ্যমিক পরীক্ষার কোন ব্যানার দিলীপ সিংহ জানান, পাশের হারে রাজ্যের ২৩ টি জেলার মধ্যে নদীয়া জেলার প্রথম দশটি জেলার মধ্যে রয়েছে। নদীয়া সপ্তম স্থানে রয়েছে।

শিক্ষা দপ্তর সূত্রে জানা গিয়েছে, নদীয়া জেলা থেকে মোট ২১৭৯০ জন ছাত্রছাত্রী উচ্চ মাধ্যমিক পরীক্ষা বসার জন্য নাম তুলেছিলেন।



পরীক্ষায় বসে ছিলেন কুড়ি হাজার ৩৮৪ জন। এদের মধ্যে ১০২৭০ জন ছাত্রের মধ্যে ১০১৭১ জন পরীক্ষা দেয়। ছাত্রী ১০১১১ জনের মধ্যে ৯৮৬৭ জন পরীক্ষা দেয়। মোট উত্তীর্ণ ১৮ হাজার ৫৬২ জনের মধ্যে ছাত্র ৯৬২১ জন এবং ছাত্রী ৮৯৪১ জন।

বুধবার পরীক্ষার ফলাফল অনলাইনে দেখতে পেরেছেন সমস্ত ছাত্রছাত্রীরা। বৃহস্পতিবার থেকে বিভিন্ন স্কুলে উচ্চ মাধ্যমিকের রেজাল্ট দেওয়া শুরু হয়েছে।

নদীয়া জেলার দ্বিতীয় স্থানে রয়েছে কৃষ্ণনগর কলেজিয়েট স্কুলের বিজ্ঞান বিভাগের শৌর্য প্রসাদ মুখোপাধ্যায়। তার প্রাপ্ত নাম্বার ৮৮৬। তৃতীয় স্থানে গয়েশপুর বেদিভবন রবি তীর্থ বিদ্যালয় এর দেবজ্যোতি চট্টোপাধ্যায়, সে পেয়েছে ৮৮৪। নবদ্বীপ বালিকা বিদ্যালয় (ঈশানি ) বিজ্ঞান বিভাগের নিশান্তিকা দে এবং পূর্ণ নগর পূর্ণচন্দ্র উচ্চ বিদ্যালয় জবা কুন্ডু ৪৮০ নম্বর পেয়ে চতুর্থ স্থান অধিকার করেছে। করিমপুর জগন্নাথ উচ্চ বিদ্যালয়ের সোনিকা শীল ৪৭৯ নাম্বার পেয়ে পঞ্চম স্থান, কল্যাণী স্প্রিং ডেল হাই স্কুল এর সাগ্নিক ঘোষ ৪৭৮ নাম্বার পেয়ে ষষ্ঠ স্থান অধিকার করেছে । সপ্তম শান্তিপুর মিউনিসিপাল হাইস্কুলের সায়ন বিশ্বাস পেয়েছে ৪৭১ নম্বর। এই ফলাফলের সমস্ত বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা সহ ছাত্রছাত্রীরা খুশি।

নবদ্বীপ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শ্রুতি লাহিড়ী বলেন জেলায় আমাদের বিদ্যালয় থেকে চতুর্থ হয়েছি। এটি একটি আনন্দ ও গর্বের, আমাদের মেয়েরা চেষ্টা করেছে হয়তো প্রথম দশের মধ্যে না থাকতে পারলেও আগামী দিনে আরো ভালো ফল করবে। নবদ্বীপ শহরে আমাদের বিদ্যালয় থেকে মেয়েদের মধ্যে প্রথম ৪৮০ নম্বর পেয়ে নিশান্তিকা দে, দ্বিতীয় দেবাদৃতা সাহা ৪৬৭,যুগ্ম চতুর্থ সুস্মিতা দাস ৪৬৫, পঞ্চম অঙ্কনা গুই ৪৬১, যুগ্ম ষষ্ঠ অন্বেষা সাহা ৪৫৬ এবং মনামী কর ৪৫১ নম্বর পেয়ে নবম স্থান অধিকার করেছে।

নবদ্বীপ বকুলতলা হাই স্কুলের প্রধান শিক্ষক দীপঙ্কর সাহা বলেন আমরা আশাবাদী ছিলাম ছাত্ররা ভালো ফলাফল করবে। জেলায় দশের মধ্যে না থাকলেও নবদ্বীপ শহরে আমাদের বিদ্যালয় থেকে দ্বিতীয় ছেলেদের মধ্যে প্রথম গৌরব দে ৪৬৮ নম্বর পেয়েছে, ছেলেদের মধ্যে দ্বিতীয় নবদ্বীপের যুগ্ম চতুর্থ সোহম ঘোষ ৪৬৫ নম্বর পেয়েছে। নবদ্বীপ হিন্দু স্কুলের জয় শী ৪৫৬ নম্বর পেয়ে ছেলেদের মধ্যে তৃতীয় স্থান অধিকার করেছে। নবদ্বীপবকুল তলার ৪৫৩ অর্ক পাল, আরসিবি স্বারস্বত মন্দির স্কুলের অভিজিৎ সাহা ৪৫২ নম্বর পেয়ে অষ্টম,যুগ্ম নবম অনির্বান দেবনাথ ৪৫১ এবং নবদ্বীপ তারাসুন্দরী হাই স্কুলের সৃঞ্জনি সাহা ৪৫০ নম্বর পেয়ে দশম স্থান অধিকার করেছে।

নদীয়া জেলায় উচ্চ মাধ্যমিকের ফল প্রকাশের পর নদিয়ায় প্রথম হওয়া শায়ক বিশ্বাসের বাড়িতে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি শুভেচ্ছা পত্র পাঠিয়েছেন। বিভিন্ন জায়গা থেকে মা তাপসী বিশ্বাসের কাছে শুভেচ্ছা জানিয়ে ফোন আসছে।

# সিনেমার খবর

## একই দিনে তিন সিনেমা মুক্তির তারিখ ঘোষণা, পিছিয়ে যাবে কে?

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

নির্মাতা সঞ্জয়লীলা বানসালির ‘লাভ অ্যান্ড ওয়ার’ সিনেমা মুক্তি পাওয়ার কথা ছিল আগামী মাসে। কিন্তু শুটিং শেষ না হওয়ায় পেছানো হয়েছে মুক্তির তারিখ। দু’দিন আগের খবর অনুযায়ী রণবীর কাপুর, আলিয়া ভাট ও ভিকি কৌশল অভিনীত সিনেমাটি ১৪ আগস্ট মুক্তি দিতে চাইছেন সঞ্জয়লীলা বানসালি।



মজার বিষয় হল- ঠিক একই দিনে কার্তিক আরিয়ানের ‘নাগজিলা’ সিনেমা মুক্তির ঘোষণাও হয়ে গেছে। শুধু তাই নয়, বরুণ ধাওয়ান অভিনীত ‘ভেদিয়া ২’ একই সপ্তাহে মুক্তি পাবে বলে জানানো হয়েছিল বছরের শুরুতেই।

একটি সূত্রের বরাত দিয়ে বলিউড হাঙ্গামা জানিয়েছে, ‘ভেদিয়া ২’ সিনেমা মুক্তিতে দেরি হচ্ছে। ম্যাডক ফিল্মসের দিনেশ ভিজান এবং তার টিম ইতিমধ্যেই নতুন মুক্তির তারিখ খুঁজছেন।

সূত্র আরও জানিয়েছে, একই দিনে তিনটি বড় ছবি মুক্তি পেলে স্ক্রিন শেয়ারিং নিয়ে বড় সমস্যা তৈরি হত। তবে ‘ভেদিয়া ২’ পিছিয়ে যাওয়ায় ‘লাভ অ্যান্ড ওয়ার’ ও ‘নাগজিলা’ একসাথে মুক্তি পেতে পারবে। দুটি ছবি ভিন্ন ঘরানার, এবং উভয়ই তারকাবহুল। ফলে দর্শকদের মধ্যে দারুণ উত্তেজনা তৈরি হবে এবং হলে টানবে।

তবে ‘লাভ অ্যান্ড ওয়ার’ মুক্তির তারিখ এখনও চূড়ান্ত নয়। শিগগিরিই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। তবে ১৪ আগস্ট তাদের ইচ্ছার তালিকার শীর্ষে রয়েছে।

অন্যদিকে, ‘নাগজিলা’ সিনেমার নির্মাতারা মনে করেন, এই তারিখটি তাদের ছবির জন্য একেবারেই উপযুক্ত, কারণ, ছবিটি সাপ নিয়ে। আর ১৭ আগস্ট নাগ পঞ্চমী হওয়ায় তারা ১৪ আগস্ট মুক্তির পরিকল্পনা করছেন।

‘ভেদিয়া ২’ একমাত্র হরর-কমেডি সিনেমা নয় যেটি পিছিয়ে গেছে। ম্যাডক হরর কমেডি সিনেম্যাটিক ইউনিভার্সের আরেকটি ছবি ‘শক্তি শালিনী’, যাতে কিয়ারা আদবানি অভিনয় করেছেন। সেটির মুক্তিও পিছিয়ে গেছে। এটি ৩১ ডিসেম্বর, ২০২৫-এ আসবে না।

## পর্দায় জমজমাট অক্ষয়-পরেশ রাওয়াল কেমিস্ট্রি, বাস্তবে কেমন?

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

‘হেরাফেরি’ সিনেমায় রাজু এবং বাবুরাও চরিত্রে অক্ষয় ও পরেশ রাওয়ালের দুর্দান্ত অভিনয় এখনো সুপারহিট। বলিউডের অন্যতম কমেডি সিনেমার তালিকা তৈরি করা হলে, হেরাফেরি নিশ্চিন্তে প্রথম দশে জায়গা করে নেবে। তবে শুধুই হেরাফেরি নয়, বহু সিনেমায় পরেশ রাওয়াল ও অক্ষয় একসঙ্গে পর্দায় এলে হইচই পড়ে যায় সিনেমাহলে। এমনই তাদের পর্দার কেমেস্ট্রি। তবে পর্দার এই ম্যাজিক কিন্তু বাস্তবে একেবারেই আলাদা। দুজনের নাকি তেমন সাক্ষাৎও হয় না! এমনকি, বন্ধুত্বও তেমন নেই।



নাহ কোনো গুঞ্জন নয়। বরং পরেশ রাওয়ালই নিজে মুখে স্বীকার করে নিলেন। ব্যাপারটা একটু খোলসা করে বলা যাক। সম্প্রতি এক সাক্ষাৎকারে অক্ষয়ের সঙ্গে সম্পর্ক নিয়ে মন্তব্য করেন পরেশ রাওয়াল।

তিনি বলেন, অক্ষয় কখনো আমার বন্ধু ছিল না। ওর সঙ্গে তেমন কোনো সম্পর্কই নেই। আসলে ফিল্ম ইন্ডাস্ট্রিতে কেউ কারো বন্ধু নয়। সবাই সহকর্মী। এর থেকে বেশি আর সম্পর্ক নেই।

এই সাক্ষাৎকারে পরেশ আরও বলেন, এই ইন্ডাস্ট্রিতে তিনজনকে বন্ধু ভাবা যায়, জনি লিভার, ওম পুরী ও নাসিরুদ্দিন শাহ। এই তিনজনকেই বন্ধু বলা যায়।

## সুযোগ হাতছাড়া করেননি অনন্যা



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

‘কেশরী-২’ সিনেমা ঘোষণার সময় অনন্যা পান্ডের কাস্টিং নিয়ে বেশ আলোচনা হয়। তবে আলোচনার চেয়ে বেশি হয় সমালোচনা। কারণ, সেই সময় একের পর এক নেতিবাচক মন্তব্য ও ট্রোলিংয়ের শিকার হচ্ছিলেন তিনি। তবে সুযোগটা হাতছাড়া না করে কাজে লাগিয়েছেন ঠিকঠাক। ফলে অভিনয় দিয়ে প্রতিটি দৃশ্য যেমন নিজের করে নিয়েছেন, সেই সঙ্গে বন্ধ করে দিয়েছেন সমালোচকদের মুখ।

সম্প্রতি কইমইকে দেওয়া এক সাক্ষাৎকারে অনন্যাকে নিয়ে দর্শকের প্রতিক্রিয়া শুনে আনন্দ প্রকাশ করেন পরিচালক করণ সিং ত্যাগী। তিনিও বলেন, পর্দায় অনন্যা সত্যিই ‘ডাইনামাইট’।

নেতিবাচক মন্তব্য ও ট্রোলিং সত্ত্বেও সিনেমার জন্য অনন্যা পান্ডেকে কেন নির্বাচন করেছিলেন, বিষয়টি নিয়েও কথা বলেন নির্মাতা।

তার কথায়, ‘আমরা মূলত চিত্রনাট্যের প্রতি সৎ ছিলাম। আমাদের সামনে যেটা ছিল, সেই গল্পের প্রতি সৎ ছিলাম। দিলরীত গিলের চরিত্রের জন্য আমাদের একজন তরুণী অভিনেত্রীর প্রয়োজন ছিল। কারণ, এই চরিত্রের মধ্য দিয়ে আমরা ভারতের প্রথম নারী আইনজীবীকে সম্মান জানাতে চেয়েছিলাম।’

তিনি আরও বলেন, ‘আমি এমন কাউকে চেয়েছিলাম যার মধ্যে একদিকে কোমলতা থাকবে এবং অন্যদিকে চোখে থাকবে দুর্দান্ত দৃঢ়তা। আমি চেয়েছিলাম কোমলতা এবং শক্তি বৈশিষ্ট্য দুই একসঙ্গে প্রকাশ পাক।’

করণ সিং বলেন, ‘আমি ভাগ্যবান, অনন্যা দুর্দান্ত অভিনয় করেছে বলে। আমার মনে হয় সেটি ছিল তার অন্যতম সংবেদনশীল অভিনয়।’

এই সিনেমায় অনন্যা পান্ডের সঙ্গে অভিনয় করেছেন অক্ষয় কুমার, আর. মাধবনসহ আরও অনেকে।

# পাওয়ার প্লে-তে পাঁচ উইকেট নিয়েও হার! ক্যালকুলেটর হাতে কেকেআর

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

একটা ওভার ম্যাচ ঘোরাতে পারে। একটা ডেলিভারি, ক্যাচ, মিস। সব কিছুই। কিন্তু পাওয়ার প্লে-তেই প্রতিপক্ষর পাঁচ উইকেট নেওয়ার পরও হার! আপাতত ক্যালকুলেটর হাতে কেকেআর। এখান থেকে সর্বাধিক ১৫ পয়েন্ট অবধি যেতে পারে কলকাতা নাইট রাইডার্স। সুতরাং, প্লে-অফ শুধু নিজেদের হাতে নেই। বাকি দলের পারফরম্যান্সের উপরও নাইট রাইডার্সের ভাগ্য নির্ভর করবে। এই ম্যাচ এবং বাকি দু-ম্যাচ জিতলে অন্য দলের উপর নির্ভরশীল হওয়ার সম্ভাবনা ক্ষীণ ছিল ডিফেন্ডিং চ্যাম্পিয়নদের। ডিওয়াল্ড ব্রেভিসের ২২ বলে হাফসেঞ্চুরি, বৈভব অরোরার সেই ওভারই কি ম্যাচের টার্নিং পয়েন্ট হয়ে দাঁড়াল?



গত ম্যাচেও এমন পরিস্থিতিতে পড়েছিল কলকাতা নাইট রাইডার্স। প্লে-অফে ছিটকে যাওয়া রাজস্থানের বিরুদ্ধে মাত্র ১ রানে জিতেছিল। কিন্তু এ দিনও ভুল শোধরানো গেল না। ছোট ছোট মুহূর্ত বড় ভূমিকা নিল। বোর্ডে ১৭৯ রান তুলেছিল কেকেআর। পিচের নিরিখে খুব একটা সহজ টার্গেট নয়। বিশেষ করে পাওয়ার প্লে-তে পাঁচ উইকেট নেওয়ার পর! কেকেআরের এখানেই যেন কিছুটা হলেও গাছাড়া মনোভাব দেখা গেল। আত্মতুষ্টি কি ভিড় করেছিল?

ইনিংসের ১১তম ওভারে বৈভব অরোরা বোলিংয়ে। লং অফ বাউন্ডারি অংকৃষ ক্যাচটা নিলে? ডিওয়াল্ড ব্রেভিসের ইনিংস ওখানেই ইতি। সেই ওভারে ৩০ রান তোলেন বেবি এবি ডিওয়াল্ড ব্রেভিস। ম্যাচটাকেও যেন ঘুরিয়ে দিয়ে যান। এরপরও সুযোগ এসেছে। রিঙ্কু সিংয়ের ক্যাচগুলি, ম্যাচে রেখেছিল কেকেআরকে। কিন্তু রমনদীপ সিংয়ের মতো দুর্দান্ত ফিল্ডারের একটা খারাপ থ্রো, রান আউটের সুযোগ হাতছাড়া হয় কেকেআরের। শেষ ওভারে টার্গেট দাঁড়ায় মাত্র ৮ রান। ক্রিজে তখনও ধোনি। প্রথম ডেলিভারিতেই ডিপ মিড উইকেটে ছয় মারেন। আর ঘুরে দাঁড়ানোর সুযোগ পায়নি কেকেআর।

রিঙ্কু সিংকে বাদ দিলে, ফিল্ডিংয়ে কেকেআরের গাছাড়া মনোভাব বেশ কয়েক ক্ষেত্রে দেখা গিয়েছে। তেমনই জায়ান্ট স্ক্রিনে ধরা পড়েছে ক্যাপ্টেন অজিঙ্ক রাহানের অসহায় চাহনিও। কারণ, ক্রিজে ধোনি থাকা মানে শেষ ওভারে যা কিছু হতে পারে, সেটা কারও বুঝতে অসুবিধা হয় না। হলও সেটাই। প্লে-অফ থেকে ছিটকে যাওয়া চেন্নাই সুপার কিংসই খাদের কিনারায় ঠেলে দিল কেকেআরকে।

# ভারতে নিষিদ্ধ শোয়েব আখতারের ইউটিউব চ্যানেল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

পেহেলগামে সন্ত্রাসী হামলার পর কঠোর অবস্থান নিয়েছে ভারত সরকার। দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিশে ১৬টি পাকিস্তানি ইউটিউব চ্যানেল নিষিদ্ধ করা হয়েছে, যাদের বিরুদ্ধে উসকানিমূলক, ভ্রান্ত ও সাম্প্রদায়িক উত্তেজনা ছড়ানোর অভিযোগ রয়েছে। টাইমস অব ইন্ডিয়ার প্রতিবেদন অনুযায়ী, নিষিদ্ধ হওয়া চ্যানেলগুলোর মধ্যে সাবেক পাকিস্তানি পেসার শোয়েব আখতারের ইউটিউব চ্যানেলও রয়েছে।

নিষিদ্ধের তালিকায় ডন নিউজ, সামা টিভি, এআরওয়াই নিউজ এবং জিও নিউজের মতো বড় সংবাদমাধ্যমগুলোর নামও রয়েছে। ভারতীয় ক্রিকেটপ্রেমীদের কাছে জনপ্রিয় শোয়েব আখতারের চ্যানেল মূলত ক্রিকেট বিশ্লেষণ ও ব্যক্তিগত অভিজ্ঞতার আলোকে কনটেন্ট প্রকাশ করত। তবে সাম্প্রতিক উত্তেজনাপূর্ণ পরিস্থিতিতে সতর্কতার অংশ হিসেবেই তার চ্যানেলও নিষিদ্ধ করা হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

ভারতীয় সরকারের দাবি, এসব ইউটিউব চ্যানেল থেকে ভারতবিরোধী মনোভাব ছড়ানো হচ্ছিল, সেনাবাহিনী ও নিরাপত্তা সংস্থাগুলোর বিরুদ্ধে অপপ্রচার চালানো হচ্ছিল এবং সাম্প্রদায়িক উত্তেজনা উসকে দেওয়া হচ্ছিল। পেহেলগামে ভয়াবহ হামলার ঘটনার পর বিভ্রান্তিমূলক তথ্য প্রচার ঠেকাতে এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

এখনও পর্যন্ত শোয়েব আখতার এ বিষয়ে আনুষ্ঠানিক কোনো প্রতিক্রিয়া জানাননি। তার ইউটিউব চ্যানেল ভবিষ্যতে ভারতে পুনরায় চালু হবে কি না, সেটিও অনিশ্চিত।

# ঘরের মাঠেও হার, সেমি থেকে বিদায় মেসিদের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নিজেদের মাঠেও হার এড়াতে পারল না লিওনেল মেসির ইন্টার মায়ামি। কনকাকাফ চ্যাম্পিয়নস কাপের সেমিফাইনালের দ্বিতীয় লেগে ঘরের মাঠে ৩-১ ব্যবধানে হেরে বিদায় নিয়েছে যুক্তরাষ্ট্রের ক্লাবটি। দুই লেগ মিলিয়ে ভ্যানকুভার এফসি এগিয়ে থাকে ৫-১ ব্যবধানে।

বৃহস্পতিবার চেইস স্টেডিয়ামে অনুষ্ঠিত হয় সেমির ফিরতি পর্ব। প্রথম লেগে কানাডায় ২-০ গোলে জিতে বেশ এগিয়ে ছিল ভ্যানকুভার। তাই ফাইনালে যেতে হলে অন্তত তিন গোলের ব্যবধানে জিততে হতো ইন্টার মায়ামিকে। কিন্তু প্রত্যাশার বদলে ঘরের মাঠেই তাদের জালে বল ঢোকে তিনবার।

তবে শুরুটা ছিল স্বাগতিকদের পক্ষে। ম্যাচের ৯ মিনিটেই মেসি ও সুয়ারেজের দারুণ বোঝাপড়ার পর দুর্দান্ত ফিনিশে গোল করেন জর্ডি আলবা। প্রথমার্ধে ১-০ গোলে এগিয়ে থেকেই বিরতিতে যায় ইন্টার মায়ামি। কিন্তু দ্বিতীয়ার্ধে দৃশ্যপট বদলে দেয় ভ্যানকুভার। ৫১ মিনিটে ব্রেইন



হোয়াইট গোল করে ম্যাচে সমতা ফেরান। মাত্র দুই মিনিট পর আবারও মায়ামির রক্ষণভাগের ভুলে গোল করে দলকে এগিয়ে দেন পেদ্রো ভিতে। ৭১ মিনিটে সেবাস্তিয়ান বারহেল্টারের গোল ভ্যানকুভারকে দেয় আরও এক ধাপ এগিয়ে যাওয়ার আত্মবিশ্বাস। বাকি সময়ে একাধিক আক্রমণ করলেও গোলরক্ষক ও প্রতিপক্ষের রক্ষণভাগে আটকে যায় মেসির দল।

ম্যাচে দুদলই সমান ১৬টি করে ফাউল করে, মোট ফাউল দাঁড়ায় ৩২টি। ইন্টার মায়ামি ১৭টি শট নিয়ে ৬টি লক্ষ্যে রাখলেও গোল পায় মাত্র একটি। অন্যদিকে ভ্যানকুভার ১০টি শটের মধ্যে ৬টি লক্ষ্যে রেখে তিনটিই জালে পাঠাতে সক্ষম হয়।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR